দৈনিক
ইত্তেফাক

তারিখ: 13 FEB 2016
পৃষ্ঠা: ১৫ কলাম: ৭

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আইসিসিইএসডি আন্তর্জাতিক সম্মেলন

■ খুলনা অফিস

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) তিন দিনব্যাপী তৃতীয় 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সিভিল ইঞ্জিনিয়ারিং ফর সাসটেইন্যাবল ডেভেলপমেন্ট (আইসিসিইএসডি : '১৬)' শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স শুরু হয়েছে। শুক্রবার সকাল ১০টায় কুয়েট অডিটরিয়ামে ওই কনফারেন্সের উদ্বোধন করা হয়। এতে সভাপতিত্ব করেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) সদস্য প্রফেসর ড. আব্দুল জব্বার খান। বিশেষ অতিথি মংলা পোর্ট অথরিটির চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ ও বাংলাদেশ রেলওয়ের ডাইরেক্টর জেনারেল (ডিজি) ইঞ্জিনিয়ার মো. আমজাদ হোসেন।

সম্মেলনে জাপান, পোল্যান্ড, চীন, ইন্ডিয়া ও বাংলাদেশের প্রায় দুইশতাধিক প্রতিথযশা গবেষক, শিক্ষক, প্রকৌশলী ও প্রযুক্তিবিদগণসহ অংশগ্রহণ করছেন।

কনফারেন্সের মূল প্রতিপাদ্য 'সাসটেইন্যাবল ডেভেলপমেন্ট' বিষয়টি এখন সময়ের দাবিতে পরিণত হয়েছে। জীবনের মান উন্নয়নে এবং পরবর্তী প্রজন্মকে একটি উন্নত ও নিরাপদ ভবিষ্যৎ উপহার দিতে সাসটেইন্যাবল অর্থাৎ দীর্ঘস্থায়ী উন্নয়নের কোনো বিকল্প নেই।